

**জেলা উন্নয়ন সমন্বয় কমিটি জুন/ ২০১৯ খ্রি: মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : ফজলুল জাহিদ পাভেল  
জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত), হবিগঞ্জ

সভার তারিখ ও সময় : ১৬ জুন, ২০১৯; সকাল ১০: ০০ ঘটিকা  
স্থান : জেলা প্রশাসকের সভা কক্ষ, হবিগঞ্জ।  
উপস্থিতি : পরিশিষ্ট- 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও সদস্য-সচিব, জেলা উন্নয়ন সমন্বয় কমিটি, হবিগঞ্জ বিগত ১৯ মে ২০১৯খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত ও সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। কোন সংযোজন বিয়োজন না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ হয়। অতঃপর গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা, বিভিন্ন বিভাগের উন্নয়ন কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
<b>আইন-শৃঙ্খলা</b>			
১	<b>পুলিশ বিভাগ :</b> পুলিশ সুপার, হবিগঞ্জ এর প্রতিনিধি অতিরিক্ত পুলিশ সুপার বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি প্রতিশ্রুতিসহ সকল উন্নয়নমূলক প্রকল্পের নিরাপত্তায় পুলিশ নিয়োজিত রয়েছে। তিনি যে কোন ধরনের সমস্যা হলে তাৎক্ষণিকভাবে আইনশৃঙ্খলা দক্ষ বাহিনীকে অবহিত করার জন্য অনুরোধ জানান। শিক্ষা প্রতিষ্ঠানসমূহের আশেপাশে এবং রাস্তায় বখাটেরা যাতে ছাত্রীদের ইভটিজিং/হুম্মানি করতে না পারে সে জন্য পুলিশ টহল অব্যাহত আছে। তাছাড়া বাল্য বিবাহ রোধ এবং নারী শিশু নির্যাতন বন্ধে আইন আনুযায়ী তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।	(ক) উন্নয়ন মূলক কর্মকাণ্ডের নিরাপত্তা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। (খ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহের আশেপাশে এবং রাস্তায় পুলিশ টহল অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	(ক) পুলিশ সুপার, হবিগঞ্জ। (খ) পুলিশ সুপার, হবিগঞ্জ।
২	<b>আনসার ও ভিডিপিঃ</b> জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, হবিগঞ্জ এর প্রতিনিধি জানান যে, আনসার ও ভিডিপি কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। তিনি আরো জানান আনসার সদস্যদের কম্পিউটার এবং দুর্যোগ ব্যবস্থাপনার উপর দুটি প্রশিক্ষণ চলমান রয়েছে।	(ক) সঠিকভাবে কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	(ক) কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, হবিগঞ্জ।
<b>স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ</b>			
৩	<b>জেলা পরিষদ :</b> প্রধান নির্বাহী কর্মকর্তা ( ভারপ্রাপ্ত), জেলা পরিষদ, হবিগঞ্জ বলেন ৬ কোটি টাকা এডিবি'র বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্পের কাজ প্রায় ৯০% শেষ হয়েছে। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা উন্নয়ন সমন্বয় কমিটি, হবিগঞ্জ বলেন প্রতিটি প্রকল্প জনবান্ধব হতে হবে এবং প্রকল্পের কাজের গুণগত মান বজায় রাখতে হবে। তাছাড়া তিনি জনপ্রতিনিধিদের সমন্বয়ে প্রকল্প গ্রহণের অনুরোধ জানান। তিনি ডাইভারদের প্রশিক্ষণ বিআরটি এর সাথে সমন্বয়ের মাধ্যমে সম্পন্ন করার জন্য অনুরোধ করেন।	(ক) প্রাপ্ত বরাদ্দ দ্বারা জনপ্রতিনিধিদের সমন্বয়ে দ্রুত প্রকল্প গ্রহণ এবং নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।	(ক) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ।
৪	<b>স্থানীয় সরকার :</b> উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ বলেন এডিপি এর প্রকল্প সমূহ সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে এবং জুন/১৯ এর মধ্যে শেষ করতে হবে। তিনি কাজের আগে পরে ছবি তুলে রাখার জন্য অনুরোধ করেন। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা উন্নয়ন সমন্বয় কমিটি, হবিগঞ্জ এডিপি এর কাজের গুণগত মান বজায় রাখার জন্য অনুরোধ করেন এবং প্রকল্পের আগের ও পরের ছবি সংরক্ষণ করা জন্য অনুরোধ করেন।	(ক) এডিপির কাজের গুণগত মান বজায় রাখার জন্য অনুরোধ করা হয়। (খ) প্রকল্পের আগের ও পরের ছবি সংরক্ষণ করা জন্য অনুরোধ করা হয়।	(ক) উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, হবিগঞ্জ। (খ) উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, হবিগঞ্জ।

